# নবীদের কাহিনী

বিভাগ/অধ্যায়ঃ নবী চরিত

রচয়িতা/সঙ্কলকঃ ডঃ মুহাম্মাদ আসাদুল্লাহ আল-গালিব

কুরআনের মু‘জেযা হওয়ার প্রমাণ সমূহ- ২১. সিদ্ধান্তকারী গ্রন্থ (الكتاب الفيصل)

মানুষ যত সিদ্ধান্তই গ্রহণ করুক, তা যুগে যুগে পরিবর্তনশীল। কারণ সে তার ভবিষ্যৎ মঙ্গলামঙ্গলের খবর রাখে না। কিন্তু আল্লাহ কালের স্রষ্টা। তাঁর জ্ঞান অতীত, বর্তমান, ভবিষ্যৎ কোন কালের মধ্যে সীমাবদ্ধ নয়। তিনি মানুষের ভূত ও ভবিষ্যৎ মঙ্গলামঙ্গলের খবর রাখেন। তাই তাঁর বিধান অভ্রান্ত ও চূড়ান্ত। মানুষ যতদিন আল্লাহর বিধান মতে চলবে, ততদিন কল্যাণের মধ্যে থাকবে। বস্ত্ততঃ কোন ধর্মগ্রন্থই নিজেকে إِنَّهُ لَقَوْلٌ فَصْلٌ ‘নিশ্চয়ই এটি সিদ্ধান্তকারী বাণী’ (ত্বারেক ৮৬/১৩) বলে ঘোষণা দেয়নি। এটা কেবল কুরআনেরই বৈশিষ্ট্য। কেননা কুরআন মানবজাতির জন্য আল্লাহর সর্বশেষ প্রেরিত কিতাব।

Source — https://www.hadithbd.com/books/link/?id=5793

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন